

# নিউ ইয়র্ক স্টেট বর্জিত শ্রমিকদের তহবিল (EWF)

বর্জিত শ্রমিকদের তহবিল (EWF) হল নিউ ইয়র্ক স্টেটের এমন একটি প্রোগ্রাম যা যে শ্রমিকরা 27শে মার্চ 2020 এবং 1লা এপ্রিল 2021-এর মধ্যে রোজগার হারিয়েছেন অথচ স্টেট এবং ফেডারেল ত্রাণ থেকে বাদ দেওয়া হয়েছে, তাদের জন্য এককালীন পেমেন্ট সরবরাহ করবে।

## বর্জিত শ্রমিক কাদের বলে?

নিম্নলিখিত সব কিছু যদি আপনার জন্য প্রযোজ্য হয়, তাহলে আপনি EWF-এর যোগ্যতাসম্পন্ন একজন বর্জিত শ্রমিক:

- এখন নিউ ইয়র্ক স্টেটে বাস করেন;
- 27শে মার্চ 2020-র আগের থেকে নিউ ইয়র্ক স্টেটে বাস করছেন
- 23শে ফেব্রুয়ারী 2020 এবং 1লা এপ্রিল 2021 -এর মধ্যে কোন এক সময় আপনার মজুরি বা আয়ের 50% বা তার বেশি হারিয়েছেন, যার কারণ হল:
  - কোভিড সম্পর্কিত বেকারত্ব, আংশিক বেকারত্ব বা কাজ করার অক্ষমতা অথবা
  - পরিবারের জীবিকা অর্জনকারী বা গৃহস্থালীর প্রধান আয়ের উৎসের কোভিড সম্পর্কিত মৃত্যু বা অক্ষমতা;
- আপনার আয় বা মজুরি হারাবার আগে কমপক্ষে সপ্তাহে 15 ঘণ্টা কাজ করেছেন;
- স্টেটের বেকারত্ব বীমা বা ফেডারেল অতিমারী বেকারত্ব ভাতা পাওয়ার জন্য যোগ্যতা না থাকা; এবং
- 19শে এপ্রিল 2020 এবং 19শে এপ্রিল 2021-এর মধ্যে \$26,208 (মোট) বা তার কম আয় করেছেন

দ্রষ্টব্যঃ ফেডারেল স্টিম্যুলাস ফান্ড (\$600, \$1,200, বা \$1,400 ডলারের পরিমাণে সরকারের পাঠানো ত্রাণের পেমেন্ট) পাওয়া বর্জিত শ্রমিক তহবিলের জন্য যোগ্যতা প্রভাবিত করে না। আপনি স্টিম্যুলাস পেমেন্ট পেলেও আবেদন করতে পারেন।

## EWF কি প্রস্তাব দেয়?

শ্রমিকরা টিয়ার 1 বা টিয়ার 2-এর জন্য যোগ্যতা অর্জন করতে পারে।

- টিয়ার 1: 15,600 ডলার ট্যাক্সের আগে
- টিয়ার 2: 3,200 ডলার ট্যাক্সের আগে

দ্রষ্টব্যঃ নিউ ইয়র্ক স্টেট সুবিধার 5% স্টেট ট্যাক্সের জন্য ধরে রাখবে। ফান্ডের পেমেন্টের উপর ফেডারেল ট্যাক্স থাকতে পারে। ট্যাক্সের বিষয়ে পরামর্শের জন্য একজন অ্যাকাউন্টেন্ট বা অ্যাটর্নির মতামত নিন।



## আমি কিভাবে আবেদন করব?

আবেদন [dol.ny.gov/EWF](https://dol.ny.gov/EWF)-তে খোলা আছে

- আপনাকে নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগে (DOL) -এ অনলাইনে আবেদন করতে হবে।
- আপনি মোবাইল ডিভাইস বা কম্পিউটার ব্যবহার করে আপনার আবেদন জমা দিতে পারেন, যা 13টি ভিন্ন ভাষায় পাওয়া যায়।
- মেল-এর মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না।
- DOL আবেদনের জন্য আপনার কাছ থেকে ফি নেবে না।

# প্রায়শই জিজ্ঞাস্য প্রশ্নাবলী

## আমার কি আবেদন করার প্রয়োজন আছে?

আবেদনকারীদের আবেদনের মাধ্যমে নথি জমা দিয়ে তাদের পরিচয়, NYS-এর আবাসন, এবং অতিমারীর আগের চাকরির এবং আয়ের প্রমাণ দিতে হবে।

- আপনি পরিচয় এবং আবাসনপ্রমাণের জন্য একই নথি জমা দিতে পারেন।
- পরিচয় এবং/অথবা আবাসনের জন্য কমপক্ষে একটি নথিতে আপনার ছবি থাকতে হবে (যদি না আপনার একজন দেখাশুনাকারী থাকে যিনি সম্পর্কের প্রমাণ দেখাতে পারেন)
- পরিচয় এবং/অথবা আবাসনের জন্য কমপক্ষে একটি নথিতে আপনার জন্ম তারিখ থাকতে হবে।
- সমস্ত নথি অবশ্যই:
  - যে সংস্থার দিয়েছে তার দ্বারা প্রত্যয়িত হতে হবে
  - অন্যরকম নোট করা না থাকলে মেয়াদ উত্তীর্ণ হওয়া নয়
  - ইংরেজিতে বা একটি প্রত্যয়িত ইংরেজি ভাষায় অনুবাদের সাথে থাকতে হবে
  - বিকৃত বা ক্ষতিগ্রস্ত নয়

## আমাকে আবেদন করতে কেউ সহায়তা করতে পারে কি?

আবেদনের জন্য সাহায্যের প্রয়োজন হলে, নিউ ইয়র্ক স্টেট আপনাকে প্রয়োজনীয় সহায়তা দেওয়ার জন্য বিশ্বস্ত সম্প্রদায় ভিত্তিক সংস্থার সাথে হাত মিলিয়েছে।

- বিশ্বস্ত সংস্থার একটি সম্পূর্ণ তালিকার জন্য [dol.ny.gov/CBOList](https://dol.ny.gov/CBOList)-এ যান, বা
- একজন এজেন্টের সাথে কথা বলার এবং আপনার কাছাকাছি একটি জায়গা খুঁজে পাওয়ার জন্য 877-EWF-4NYS (877-393-4697) -এ কল করুন।
  - 800-662-1220 TTY/TTD - ইংরেজি
  - 877-662-4886 TTY/TTD - ইস্পানোল

জালিয়াতি থেকে দূরে থাকুন!

- EWF সুবিধার জন্য আপনার একমাত্র শ্রম বিভাগের সরকারি ওয়েবসাইট থেকে আবেদন করা এবং শুধুমাত্র বিশ্বস্ত সংস্থার সাহায্য নেওয়া উচিত।
- DOL আপনার সাথে একমাত্র তখনই যোগাযোগ করবে যখন আপনি EWF আপডেটের জন্য সাইন আপ করবেন বা EWF সুবিধার জন্য আবেদন করবেন।
- জালিয়াতির বিষয়ে আপনার উদ্বেগ থাকলে [dol.ny.gov/EWF](https://dol.ny.gov/EWF) -এ অভিযোগের ফর্ম ব্যবহার করে রিপোর্ট করুন।

## প্রোগ্রামটি কতদিন ধরে চলবে?

প্রোগ্রামটির জন্য অর্থ সীমিত এবং যে আগে আসবে তাকে দেওয়া হবে, এই ভিত্তিতে বিতরণ করা হবে।

- যেভাবে আবেদনগুলি পাওয়া যায় সেই ভাবে সেগুলিকে প্রক্রিয়া করা হয়
- একবার সমস্ত অর্থ বরাদ্দ হয়ে গেলে, ফান্ডটি আর চালু থাকবে না এবং আবেদন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে।

## কিভাবে এবং কখন পেমেন্ট দেওয়া হবে?

অনুমোদিত আবেদনকারীরা আবেদনে দেওয়া ঠিকানায় মেল করা একটি ভিসা (Visa) প্রিপেড কার্ডে এককালীন পেমেন্ট পাবেন।

- কার্ডটি ATM-এ ব্যবহার করা যাবে এবং U.S.-এ যেখানে ভিসা ডেবিট কার্ড স্বীকার করা হয় সে সমস্ত জায়গায় ব্যবহার করা যাবে।
- কার্ডটি 12 মাস পর্যন্ত বৈধ এবং ফান্ডের মেয়াদ শেষ হয় না।
- ফান্ডের পরিচালকরা অনুমান করেন যে আবেদনের তারিখ থেকে পর্যালোচনা এবং প্রক্রিয়া করতে মোটামুটি ছয় থেকে আট সপ্তাহ লাগবে।

## DOL কি আমার ব্যক্তিগত তথ্য অভিবাসন প্রয়োগকারী সংস্থাদের সাথে শেয়ার করবে?

না। যেকোন সরকারি সংস্থায় আপনার আবেদনের অংশ হিসেবে জমা দেওয়া নিয়োগকর্তাদের কাছ থেকে পাওয়া নথি সহ যেকোনো নথি প্রকাশ করার জন্য ফৌজদারি সাজার ব্যবস্থা রয়েছে, যার মধ্যে ICE অন্তর্ভুক্ত।

- আপনার নথিপত্র শুধুমাত্র যোগ্যতা নির্ধারণের জন্য ব্যবহার করা হবে এবং একটি বিচার বিভাগীয় পরোয়ানা বা আদালতের আদেশ না থাকলে আবেদন প্রক্রিয়ার বাইরে কারও সাথে শেয়ার করা হবে না।

# আমার পরিচয় কিভাবে প্রমাণ করব?

নিম্নলিখিত নথিগুলির মধ্যে একটি বা তার বেশি সরবরাহ করে আপনার পরিচয় প্রমাণ করার জন্য আপনার মোট 4 বা তার বেশি পয়েন্ট প্রয়োজনঃ

## 4 পয়েন্ট

- IDNYC আইডেন্টিফিকেশন কার্ড (মেয়াদ উত্তীর্ণ না হওয়া বা 2020 বা 2021-এ মেয়াদ ফুরিয়ে যাওয়া)
- মেয়াদ উত্তীর্ণ না হওয়া নিউ ইয়র্ক স্টেট ড্রাইভার'স লাইসেন্স বা নন-ড্রাইভার আইডেন্টিফিকেশন কার্ড
- মেয়াদ উত্তীর্ণ না হওয়া ইউনাইটেড স্টেটস পাসপোর্ট

## 3 পয়েন্ট


- ইউনাইটেড স্টেটস ছাড়া অন্য কোন দেশের মেয়াদ উত্তীর্ণ না হওয়া পাসপোর্ট
- নিউ ইয়র্ক স্টেট লার্নার'স পারমিট ইউএস মিলিটারি আইডি
- যেকোন ফেডারেল, NYS বা স্থানীয় সরকারের দেওয়া ফটো ID যার মধ্যে “পরিচয়ের উদ্দেশ্যে নয়” বলা নেই
- কলেজ/ইউনিভার্সিটি ফটো আইডি সহ একটি শিক্ষা প্রতিষ্ঠানের দেওয়া ফটো আইডি

## 2 পয়েন্ট

- NYS মানসিক স্বাস্থ্য অফিসের ফটো আইডি কার্ড
- মেয়াদ উত্তীর্ণ হওয়া US বা বিদেশি পাসপোর্ট (2 বছর বা তার কম আগে মেয়াদ ফুরিয়ে যাওয়া)
- ফটো সহ বিদেশি ড্রাইভার্স লাইসেন্স (2 বছর বা তার আগে মেয়াদ ফুরিয়ে যাওয়া)
- ফর্ম I-94, I-797, I-797A, বা I-797D সহ USCIS (ইমিগ্রেশন)-এর নথি
- ITIN অনুমোদন পত্র (অর্থাৎ আপনি IRS থেকে একটি ITIN পাওয়ার সময় যে চিঠিটি পান)

## 1 পয়েন্ট


- ম্যারেজ সার্টিফিকেট (বিবাহের শংসাপত্র) বা ডিভোর্স ডিক্রি (বিবাহ বিচ্ছেদের ডিক্রি)
- নিউ ইয়র্ক স্টেট ইনপেশেন্ট(হাসপাতালে ভর্তি থাকা রোগী) ফটো আইডেন্টিফিকেশন কার্ড
- মেয়াদ উত্তীর্ণ না হওয়া পার্কস এন্ড রেক মেম্বারশিপ কার্ড
- বিদেশি জন্ম শংসাপত্র
- কন্সুলার আইডি কার্ড (বা অন্য দেশের দেওয়া যেকোন ফটো আইডি)
- US-এর কোন হাই স্কুল, কলেজ বা ইউনিভার্সিটি থেকে দেওয়া ডিপ্লোমা বা ট্রান্সক্রিপ্ট
- যেগুলিতে “পরিচয়ের উদ্দেশ্যে নয়” বলা নেই বলে ইতিমধ্যে তালিকাভুক্ত হয়েছে সেগুলি ব্যতীত ফেডারেল, NYS বা স্থানীয় সরকারের দেওয়া ফটো ছাড়া আইডি
- একজন নিয়োগকর্তার দেওয়া ফটো আইডি
- একটি NYS অলাভজনক সংস্থার দেওয়া ফটো আইডি যেখানে আপনি 19শে এপ্রিল 2021-এর আগে পরিষেবা পেয়েছেন বা সংস্থার প্রোগ্রামে অংশগ্রহণ করেছেন।
- নিয়োগকর্তার দেওয়া একটি লিখিত নিয়োগের প্রস্তাব, পে স্টাব, বা বেতন নথির বিজ্ঞপ্তি



## আমি আমার রেসিডেন্সী কিভাবে প্রমাণ করব?

আপনার রেসিডেন্সী প্রমাণ করার জন্য নিচে দেওয়া নথিগুলির একটি বা তার বেশি সরবরাহ করতে হবে, যার প্রতিটির মধ্যে নিউ ইয়র্ক স্টেটে আপনার নাম এবং ঠিকানা দেখানো থাকবে। নথি(গুলি)টিকে বর্তমান রেসিডেন্সীর পাশাপাশি 27শে মার্চ 2020-র পূর্ববর্তী আবাসনের প্রমাণ প্রতিষ্ঠা করতে হবে।

- ☐ একটি মেয়াদ উত্তীর্ণ না হওয়া NYS ড্রাইভার্স লাইসেন্স বা NYS নন-ড্রাইভার আইডি বা DMV-র দেওয়া লার্নারস পারমিট
- ☐ একটি 2020, 2021-এ মেয়াদ উত্তীর্ণ হওয়া বা বর্তমানে বৈধ থাকা IDNYC;
- ☐ স্টেট বা ফেডারেল ট্যাক্স দাখিল করা বা রিটার্ন; বা
- ☐ নিম্নলিখিতের মধ্যে দু'টি, যার মধ্যে একটি 27শে মার্চ 2020-র আগে এবং একটি 19শে মার্চ 2021-এর পরে:
  - ☐ একটি ইউটিলিটি বিলের কপি(অনুলিপি)
  - ☐ একটি বর্তমান লিজ(ইজারা), মর্টগেজ(বন্ধকী) পেমেন্ট, সম্পত্তি কর বিবৃতি
  - ☐ পে স্টাব
  - ☐ চাকরির প্রস্তাব বা বেতনের বিজ্ঞপ্তি যাতে দেখানো আছে যে আপনার নিয়োগকর্তা NYS-এ অবস্থিত আবাসন দিয়েছে
  - ☐ মেডিক্যাল স্টেটমেন্ট, বিল বা রেকর্ড
  - ☐ বীমার স্টেটমেন্ট, বিল বা রেকর্ড (ভাড়াটের, বাড়ির মালিক, জীবন এবং গাড়ির বীমা সহ)
  - ☐ ব্যাঙ্ক বা ক্রেডিট স্টেটমেন্ট
  - ☐ একটি NYS আদালত বা প্রশাসনিক আইনের ফোরামের থেকে পাওয়া জুরীর শমন, আদালতের আদেশ বা অন্যান্য নথি
  - ☐ নিম্নলিখিত যেকোন প্রতিষ্ঠান থেকে পাওয়া চিঠি যা আপনার পূর্বের এবং/বা বর্তমান আবাসনের সত্যতা প্রমাণ করে:
    - একটি গৃহহীনদের আশ্রয় যা বোঝায় যে আপনি বর্তমানে একটি আশ্রয়ে বাস করছেন
    - গৃহহীনদের পরিষেবা সরবরাহকারী/অলাভজনক বা ধর্মীয় প্রতিষ্ঠান যা গৃহহীন ব্যক্তিদের আবাসন সরবরাহ করে
    - ঘরোয়া নির্যাতন পরিষেবা প্রদানকারী বা NYS-এ কোন প্রোগ্রাম যা ঘরোয়া নির্যাতন থেকে বেঁচে থাকা ব্যক্তিদের পরিষেবা প্রদান করে
    - NYS-এর দাতব্য সংস্থা যা 19শে এপ্রিল 2021-এর আগে আবেদনকারীকে পরিষেবা প্রদান করেছিল এবং আবেদনকারীর আবাসনের সত্যতা প্রমাণ করতে পারে।
  - ☐ NYCHA থেকে পাওয়া আপনাকে সম্বোধন করে চিঠি
  - ☐ আপনার EWF আবেদনের সাথে সম্পর্কিত NYS ডিপার্টমেন্ট অব লেবার থেকে পাওয়া নথিপত্র ছাড়া একটি ফেডারেল, NYS বা স্থানীয় সত্তা (যেমন একটি স্কুল ডিস্ট্রিক্ট) থেকে পাওয়া নথিপত্র



# আমার কাজের যোগ্যতা কিভাবে প্রমাণিত করব?

আবেদনকারীরা বর্জিত কর্মী তহবিল টিয়ার 1 (15,600 ডলার ট্যাক্সের আগে) বা টিয়ার 2-এর (3,200 ডলার ট্যাক্সের আগে) জন্য যোগ্য হতে পারেন।

## টিয়ার 1→ আপনার 5 পয়েন্ট প্রয়োজন

- আপনি একটি 5-পয়েন্টের আইটেম, দু'টি 3-পয়েন্টের আইটেম বা একটি 3-পয়েন্টের আইটেম এবং দু'টি 1-পয়েন্টের আইটেম ব্যবহার করতে পারেন

## টিয়ার 2→ আপনার 3 পয়েন্ট প্রয়োজন

- আপনি একটি 3-পয়েন্টের আইটেম বা তিনটি 1-পয়েন্টের আইটেম ব্যবহার করতে পারেন।

### 5 পয়েন্ট

- ☐ বৈধ ITIN নম্বর ব্যবহার করে 2018, 2019 বা 2020-র ট্যাক্সের জন্য একটি ট্যাক্স রিটার্ন
- ☐ কাজ করার তারিখগুলি এবং আপনি আর চাকরিতে কেন নিযুক্ত নয় তা দেখিয়ে নিয়োগকর্তার থেকে একটি চিঠি এবং কমপক্ষে নিম্নলিখিতের মধ্যে একটিঃ
  - নিয়োগকর্তার মেল করার ঠিকানা এবং আপনার কাজের জায়গার (NYS-এর মধ্যে) ঠিকানা এবং
  - চিঠির বিষয় যাচাই করতে পারবেন এমন একজনের ফোন নম্বর সহ যোগাযোগের তথ্য; বা
  - এমপ্লয়ার্স আনএমপ্লয়মেন্ট ইন্স্যুরেন্স-এর (নিয়োগকর্তার বেকারত্ব বীমা) অ্যাকাউন্ট নম্বর বা ফেডারেল বেকারত্ব সনাক্তকরণ নম্বর (FEIN)
- আপনি যখন থেকে সুবিধার জন্য যোগ্য হয়েছেন বা আয় হারিয়েছেন তার 6 মাস আগের থেকে কমপক্ষে 6 সপ্তাহের পে স্টাব/মজুরির
- ☐ স্টেটমেন্ট  
2019 বা 2020 ট্যাক্স বছরের জন্য W2 বা 1099 ফর্ম যাতে মজুরি বা আয় দেখানো আছে
- ☐ নিযুক্ত করার সময় আপনার নিয়োগকর্তা আপনাকে যে ওয়েজ থেফট প্রিভেনশন অ্যাক্ট (WTPA) ওয়েজ নোটিস দিয়েছিলেন যাতে
- ☐ সুবিধার জন্য যোগ্য হওয়া বা আয় হারানোর আগের 6 মাসের মধ্যে আপনি যে চাকরিতে ছিলেন, তা দেখানো আছে

### 3 পয়েন্ট

- ☐ একটি বকেয়া মজুরি বা অন্যান্য দাবি, অভিযোগ বা এইরকম নথি যা সরকারি সংস্থার কাছে দাখিল করা হয়েছে যা দেখায় যে আপনিঃ
  - 19শে এপ্রিল 2021-এর আগে NYS-এ কাজ করেছেন এবং
  - আপনার চাকরি খোয়া যাওয়ার/আয় হারাবার আগের 6 মাস সময়কালের মধ্যে 6 সপ্তাহের বেশি মজুরি পেয়েছেন বা পাওয়া উচিত ছিল
- ☐ আপনার সাথে সম্পর্কিত নয় এমন কোন সত্তা বা ব্যক্তির থেকে নিয়মিত সরাসরি ডিপোজিট, ডিপোজিট বা ট্রান্সফারের প্রমাণ, যেমনঃ
  - একটি আর্থিক প্রতিষ্ঠানের স্টেটমেন্ট(যেমন ব্যাংক, ক্রেডিট ইউনিয়ন, কোঅপ)
  - চেক ক্যাশিং (নগদ করা)-এর রসিদ (যেমন, ওয়েস্টার্ন ইউনিয়ন, ওয়ালমার্ট)
  - পেমেন্টের লেনদেনের লগ (নিয়মিত রেকর্ড) (যেমন, জেল, ডেনমো, ক্যাশ অ্যাপ, পেপ্যাল)

# আমার কাজের যোগ্যতা কিভাবে প্রমাণিত করব?

আবেদনকারীরা বর্জিত কর্মী তহবিল টিয়ার 1 (15,600 ডলার ট্যাক্সের আগে) বা টিয়ার 2-এর (3,200 ডলার ট্যাক্সের আগে) জন্য যোগ্য হতে পারেন।

## টিয়ার 1→ আপনার 5 পয়েন্ট প্রয়োজন

- আপনি একটি 5-পয়েন্টের আইটেম, দু'টি 3-পয়েন্টের আইটেম বা একটি 3-পয়েন্টের আইটেম এবং দু'টি 1-পয়েন্টের আইটেম ব্যবহার করতে পারেন

## টিয়ার 2→ আপনার 3 পয়েন্ট প্রয়োজন

- আপনি একটি 3-পয়েন্টের আইটেম বা তিনটি 1-পয়েন্টের আইটেম ব্যবহার করতে পারেন।

### 1 পয়েন্ট

- নিয়োগকর্তার দেওয়া ID ব্যাজ
- ডেলিভারি অর্ডারশিট, কাজের চালান, পয়েন্ট অব সেল রসিদ, নিয়োগকর্তাদের নির্দেশ সম্পর্কিত ইমেইল, টেক্সট মেসেজ, সোশ্যাল মিডিয়া পোস্ট বা অন্যান্য লিখিত যোগাযোগ
- ইমেইল, টেক্সট মেসেজ, সোশ্যাল মিডিয়া পোস্ট, অথবা একজন আবেদনকারী এবং একজন নিয়োগকর্তা অথবা নিয়োগকারী পক্ষের মধ্যে অন্যান্য লিখিত যোগাযোগ যা কাজের সম্পর্কের অস্তিত্ব দেখায়
- উপার্জন সম্পর্কিত পুনঃপুনঃ পে-চেক (বেতনের চেক) নগদ করা এবং/বা রেমিট্যান্সের (অর্থ প্রেরণ) প্রমাণ, যেমনঃ
  - ব্যাঙ্ক স্টেটমেন্ট
  - চেক নগদ করার রসিদ
  - একটি পেমেন্ট অ্যাপ থেকে নেওয়া লেনদেনের লগ
- কর্মচারীকে নিয়োগকর্তার দেওয়া নথি বা জিনিসপত্র, যার মধ্যে রয়েছেঃ
  - নিয়োগকর্তার মেল করার ঠিকানা বা
  - নিয়োগকর্তার NYS আনএমপ্লয়মেন্ট ইন্স্যুরেন্সের অ্যাকাউন্ট নম্বর বা ফেডারেল নিয়োগ সনাক্তকরণ নম্বর (FEIN) বা
  - নিয়োগকর্তার প্রতিনিধির একটি ফোন নম্বর সহ যোগাযোগের তথ্য
- রসিদ বা রেকর্ড যা একটি কাজের জায়গা থেকে যাতায়াতের ধরণ দেখায়, যেমনঃ
  - টোল রেকর্ড
  - পার্কিং-এর রসিদ
  - পাবলিক যানবাহনের রেকর্ড
- 19শে এপ্রিল 2021-এর আগের 6 মাসের মধ্যে কমপক্ষে 6 সপ্তাহের জন্য আপনি কাজ করেছেন বলে প্রত্যক্ষ জ্ঞান ছিল এমন একটি দাতব্য সংস্থার দেওয়া একটি চিঠি যা আপনার চাকরির ইতিহাসের সত্যতা প্রমাণ করে।



দ্রষ্টব্য: আপনার কাজের যোগ্যতা প্রমাণ করার জন্য, আপনি প্রতিটি আইটেমের শ্রেণীর জন্য একটি নথি বা নথির একটি সেট দিতে পারেন। কোনও নথি বা নথিপত্রের সেট একবারের বেশি বিবেচনা করা যাবে না। নথিপত্রের একটি সেটের উদাহরণ নিম্নরূপ: আপনি যদি আপনার নিয়োগকর্তার সাথে কাজের সম্পর্ক দেখানোর জন্য 7 টি টেক্সট মেসেজ এবং একটি ইমেইল সরবরাহ করেন, তাহলে আপনি সমস্ত 8 টি নথির জন্য শুধুমাত্র 1 পয়েন্ট উপার্জন করবেন কারণ সেগুলি সবই এক শ্রেণীর।

# আমি আবেদন করার পরে কি হবে?

## আবেদন জমা দেওয়ার পরে আমি কি আশা করতে পারি?

আপনার আবেদন জমা দেওয়ার পরে আপনার একটি ক্লেম ID পাওয়া উচিত। ভবিষ্যতের রেফারেন্সের জন্য এই কোডটি সংরক্ষণ করুন। DOL আপনার আবেদন প্রক্রিয়া শুরু করবে

- যদি অতিরিক্ত তথ্য বা সংশোধনের প্রয়োজন হয়, DOL আপনাকে একটি লিঙ্ক সহ টেক্সট মেসেজ বা ইমেল পাঠাবে যা বিশদে জন্য আপনাকে আপনার অ্যাকাউন্টে সাইন ইন করতে বলবে।
- একবার আপনি সাইন ইন করলে, কোন নথি সংশোধন করতে হবে বা আবার জমা দিতে হবে এবং কেন তা দেখতে নির্দেশাবলী অনুসরণ করুন।
- ইমেল বা টেক্সট নোটিফিকেশনের (বিজ্ঞপ্তি) তারিখ এবং সময় থেকে উত্তর দেওয়ার জন্য আপনার কাছে 7 দিন সময় থাকবে।
- যে সময়সীমা দেওয়া হয়েছে তার মধ্যে কোনো উত্তর না পাওয়া গেলে, উপলব্ধ তথ্যের ভিত্তিতে একটি সিদ্ধান্ত নেওয়া হবে।
- একবার আপনার আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়ে গেলে, আপনার আবেদনটি অনুমোদিত হয়েছে নাকি অস্বীকার করা হয়েছে তা জানিয়ে DOL আপনাকে একটি টেক্সট মেসেজ বা ইমেল পাঠাবে।
- ফান্ডের পরিচালকরা অনুমান করেন যে আবেদনের তারিখ থেকে পর্যালোচনা এবং প্রক্রিয়া করতে প্রায় ছয় থেকে আট সপ্তাহ সময় লাগবে

## DOL আমার সাথে কিভাবে যোগাযোগ করবে?

- 833-586- 1144 (টোল ছাড়া) থেকে টেক্সট মেসেজ পাঠানো হবে। এই নম্বরটি বা ইমেল আপনার ফোনে সংরক্ষণ করুন।
- EWF@labor.ny.gov থেকে ইমেল নোটিফিকেশন পাঠানো হবে।
- অতিরিক্ত তথ্যের প্রয়োজন থাকলে আবেদনকারীরা একজন EWF প্রতিনিধির কাছ থেকেও ফোন পেতে পারেন। এই সব ক্ষেত্রে তারা শুধুমাত্র 877-393-4697 থেকে কল করবেন।
- যে সমস্ত যোগাযোগ DOL-এর কাছ থেকে আসে না সেগুলি সম্বন্ধে সাবধান থাকুন।

## DOL আমার কোন নথি প্রত্যাখ্যান করলে কি হবে?

- DOL আপনার আবেদনে কোন সমস্যা আছে বলে মনে করলে আপনি DOL থেকে একটি টেক্সট মেসেজ বা ইমেল পাবেন এবং সমস্যাটি সমাধান করার জন্য আপনার কাছে 7 ক্যালেন্ডার দিন সময় থাকবে।
- DOL একটি সিদ্ধান্ত (আপনার আবেদন অনুমোদন বা অস্বীকার করা) নেওয়ার পরে আপনি একটি টেক্সট মেসেজ বা ইমেল পাবেন

## যদি DOL আমার আবেদন অস্বীকার করে বা আমাকে টিয়ার 1-এর বদলে টিয়ার 2 দেয়, তাহলে কি হবে?

যেসব আবেদনকারীকে সুবিধা অস্বীকার করা হয়েছে বা অন্যথায় তাদের ক্ষেত্রে DOL এর সিদ্ধান্তের সাথে একমত নন তাদের আপীল করার অধিকার আছে।

- DOL একটি সিদ্ধান্ত নিলে অথবা আপনার আবেদনে সমস্যা আছে বলে মনে করলে, আপনি DOL থেকে একটি টেক্সট মেসেজ বা ইমেল পাবেন।
- সিদ্ধান্তটি চূড়ান্ত হওয়ার আগে আপীল করার জন্য আপীল বোতাম বেছে নিতে আবেদনকারীর কাছে 7 ক্যালেন্ডার দিন সময় আছে।
- আপনি একবার আপীল করলে DOL আপনার আবেদনের একটি উচ্চ পর্যায়ের পর্যালোচনা করবে।
- নোটিফিকেশনের তারিখ থেকে 7 ক্যালেন্ডার দিনের মধ্যে আপনাকে অতিরিক্ত তথ্য বা নথিপত্র সরবরাহ করতে বলে আপনি একটি নোটিফিকেশন পাবেন।
- যে সময়সীমা দেওয়া আছে তার মধ্যে আপনার কাছ থেকে DOL যদি কোন উত্তর না পায়, তাহলে তার কাছে থাকা তথ্যের উপর ভিত্তি করে আপীলের উপর একটি সিদ্ধান্ত নেবে।
- পর্যালোচনা প্রক্রিয়া শেষ করার পরে DOL আপনাকে একটি টেক্সট মেসেজ বা ইমেল পাঠাবে যা আপনাকে জানাবে যে আপনার আবেদন অনুমোদিত হয়েছে নাকি অস্বীকার করা হয়েছে। আপীল প্রক্রিয়া করতে তিন সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে। অতিরিক্ত তথ্যের প্রয়োজন হলে এটি আরো বেশি সময় নিতে পারে।



# আপনার নিয়োগকর্তার সাথে কিভাবে কথা বলতে হবে

## প্রঃ আমার নিয়োগকর্তাকে আমি কি জিজ্ঞাসা করব?

উঃ যে শ্রমিকরা অতিমারী চলাকালীন কর্ম-সংক্রান্ত বা পারিবারিক আয় হারিয়েছে কিন্তু যারা নিয়মিত বা অতিমারী বেকারত্বের সুবিধার জন্য যোগ্য নয় তাদের বর্জিত কর্মী তহবিল এককালীন অর্থ প্রদান করবে।

আমি মনে করি যে আমি যোগ্য এবং অতিমারীর আগে আমার কাজের এবং অতিমারী চলাকালীন আমার কাজ হারানো বা কাজের সময় কমানোর সত্যতা প্রমাণ করে আমি একটি চিঠি সরবরাহ করে আমার যোগ্যতা প্রতিষ্ঠা করতে পারি। আপনি কি আমাকে এই চিঠিটি দেবেন?

## প্রঃ এই চিঠিতে কি বলার প্রয়োজন?

উঃ চিঠিটি সংক্ষিপ্ত হতে পারে। এর মধ্যে থাকা উচিতঃ

- আপনার ব্যবসার নাম এবং অবস্থান, যেখানে আমি নিযুক্ত ছিলাম সেই কাজের জায়গার ঠিকানা, এবং/অথবা একটি ফোন নম্বর সহ আপনার যোগাযোগের তথ্য
- আমি যে আপনার জন্য কাজ করেছি তার একটি যাচাইকরণ
- আমার চাকরির আরম্ভ এবং শেষের তারিখ
- কোভিড -19 অতিমারীর ফলে আমি আপনার চাকরি হারিয়েছি বা আপনার জন্য কম ঘন্টার কাজ করেছি বলে এক থেকে দুটি বাক্য

## প্রঃ এই চিঠিটি কে দেখবে?

উঃ শ্রম বিভাগ তহবিলটির জন্য আমার যোগ্যতা নিশ্চিত করতে চিঠিটি ব্যবহার করবে কিন্তু কোন সিটি, স্টেট বা ফেডারেল সংস্থার সাথে কোন তথ্য শেয়ার করবে না।

## প্রঃ কোন সময়ের মধ্যে আপনার এই চিঠিটি প্রয়োজন?

উঃ যত তাড়াতাড়ি সম্ভব। ইতিমধ্যে DOL জনসাধারণের কাছে আবেদনটি খুলে দিয়েছে এবং একবার ফান্ড ফুরিয়ে গেলে আবেদন বন্ধ হয়ে যাবে।

## প্রঃ এটি কি আমার বেকারত্বের অভিজ্ঞতার রেটিংকে ক্ষতিগ্রস্ত করবে বা একটি পে-রোল অভিট শুরু করবে?

উঃ না। এই প্রোগ্রামটি স্টেটের বেকারত্ব বীমা সুবিধার প্রোগ্রাম থেকে একেবারে আলাদা এবং আপনি বেকারত্বের জন্য যে ট্যাক্স দেন তা কোনভাবে প্রভাবিত করবে না।

## প্রঃ আমি এই চিঠিটি লিখতে স্বাচ্ছন্দ্য অনুভব করছি না।

### আপনার আবেদন করা কি জরুরী?

উঃ আমার প্রাক্তন নিয়োগকর্তা হিসাবে আপনার কাছ থেকে একটি চিঠি দেওয়া সবচেয়ে বেশি সুবিধা পাওয়ার সব থেকে নিশ্চিত উপায়গুলির মধ্যে একটি। আবেদনের অন্যান্য উপায় আছে, কিন্তু তাদের জন্য আরো নথির প্রয়োজন যেমন পে স্টাব, W2 স্টেটমেন্ট ইত্যাদি।

দুর্ভাগ্যবশত, আমার কাছে এই নথিগুলি নেই। অতিমারী চলাকালীন আমার পরিবার খুব লড়াই করেছে, এবং এই ফান্ডটি পেলে আমাদের এই কঠিন সময়টি কাটিয়ে উঠতে, খাবারের ব্যবস্থা করতে এবং আবার আমাদের উঠে দাঁড়াতে সাহায্য করবে।

## প্রঃ আমি কি করে নিশ্চিত হব যে আমাকে এই চিঠিটি দেওয়ার জন্য পরিণামের সম্মুখীন হতে হবে না?

উঃ নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ তাদের ওয়েবসাইটে যেভাবে স্পষ্ট করেছেঃ

“বর্জিত কর্মী তহবিল (EWF)-এর জন্য আবেদনের অংশ হিসেবে নিয়োগকর্তার নথিসহ DOL -এ জমা দেওয়া নথিপত্র পাবলিক রেকর্ড নয় এবং এটি একমাত্র EWF সুবিধা পরিচালনার উদ্দেশ্যে ব্যবহার করা হবে। আদালতের আদেশ বা বিচার বিভাগীয় পরোয়ানা অনুসারে আইনগতভাবে এটি করার প্রয়োজন না হলে আবেদনটি প্রক্রিয়া করা ছাড়া অন্য কোন উদ্দেশ্যে US ইমিগ্রেশন কাস্টমস এনফোর্সমেন্ট (ICE) সহ অন্য যেকোন সরকারী সংস্থার কাছে এই ধরনের প্রকাশ করা আইন দ্বারা কঠোরভাবে নিষিদ্ধ।”

দ্রষ্টব্যঃ

- চিঠিগুলি অতীত বা বর্তমান নিয়োগকর্তাদের হতে পারে যা নিশ্চিত করবে যে আপনি মহামারী চলাকালীন যে কোনও সময় 50% ঘন্টা হারিয়েছেন।
- এই নথির সাথে একটি টেমপ্লেট লেটার সংযুক্ত করা হয়েছে এবং [fundexcludedworkers.org/resources-faqs](https://fundexcludedworkers.org/resources-faqs)-এও পাওয়া যায়
- এই টেমপ্লেটটি স্ব-নিযুক্ত কর্মীরাও ব্যবহার করতে পারেন।



# EXCLUDED WORKERS FUND WORK ELIGIBILITY LETTER

The Excluded Workers Fund (EWF) provides financial help to New Yorkers who lost income during the COVID-19 pandemic and were left out of various federal relief programs, including unemployment and pandemic benefits.

To receive funds, applicants must provide a number of documents to verify their identity, residency, and work eligibility. Each document submitted to prove work eligibility has a point value.

- To qualify for the **Tier 1** amount of \$15,600 (minus taxes), applicants need to establish a minimum of **5 points**.
- To qualify for the **Tier 2** amount of \$3,200 (minus taxes), applicants need to establish a minimum of **3 points**.

The successful completion of this letter is worth **5 points**.

**Applicant Name:** \_\_\_\_\_

*First Name, Last Name*

**Employment Start Date:** \_\_\_\_\_

*MM/DD/YYYY*

**Date applicant lost employment or work hours for COVID-related reasons:** \_\_\_\_\_

*MM/DD/YYYY (Date should be between  
March 2020 and April 2021)*

**Reason for loss of work:** \_\_\_\_\_

\_\_\_\_\_  
\_\_\_\_\_  
\_\_\_\_\_

## EMPLOYERS ARE REQUIRED TO SUBMIT **ONE** OF THE FOLLOWING:

- A.** The employer's mailing address\* and the address of the site(s), within New York State, at which the applicant was employed; **or**  
*\*Self-employed workers should use their own mailing address.*

\_\_\_\_\_  
\_\_\_\_\_

*Mailing Address*

\_\_\_\_\_  
\_\_\_\_\_  
\_\_\_\_\_

*Address of Work Site(s)*

- B.** The employer's New York State Unemployment Insurance account number or Federal Employment Identification Number (FEIN); **or**

☐ FEIN  
☐ UI ACCT

*Select One*

\_\_\_\_\_  
\_\_\_\_\_

*ID Number*

- C.** Contact information, including a phone number, for a representative of such employer who can verify the contents of the letter. (In selecting this option, a DOL representative may contact you, but only to confirm the information submitted here.)

\_\_\_\_\_  
\_\_\_\_\_  
\_\_\_\_\_

*Contact First & Last Name, Title, Phone Number and/or E-mail*

**Note to employers:** This letter can be filled out and submitted by self-employed applicants. Additionally, documents submitted to the DOL as part of the EWF application, including those from employers, are not public records and will be used for the sole purpose of EWF benefits administration. Disclosure of such to any other government agencies, including U.S. Immigration Customs Enforcement (ICE), is strictly prohibited by law for any purpose other than processing the application, unless expressly authorized by the individual applicant or legally required to do so pursuant to a lawful court order or judicial warrant. Submitting this letter will not impact an employer's unemployment insurance experience rating or contribution rate.

For more information on the Excluded Workers Fund, including eligibility requirements, visit [dol.ny.gov/ewf](https://dol.ny.gov/ewf).

## সংস্থানসমূহ (NYC)

**EWF বাস্তবায়ন করার উপর আরো তথ্য এবং আপডেটের জন্য এখানে যানঃ**  
**[fundexcludedworkers.org](http://fundexcludedworkers.org) বা [dol.ny.gov/EWFApply](http://dol.ny.gov/EWFApply)। বহু ভাষায় তথ্য পাওয়া যায়।**

**আপনি সহায়তার জন্য নিম্নলিখিত সংস্থাগুলির সাথেও যোগাযোগ করতে পারেনঃ**

<b>ব্রনক্স</b> <u>ব্রনক্সওয়ার্কস</u> ভাষাঃ আরবী, বাংলা, ইংরেজি, ফরাসী, স্প্যানিশ, উর্দু 646-393-4000  <u>এমারেল্ড আইল ইমিগ্রেশন সেন্টার</u> ভাষাঃ ইংরেজি, স্প্যানিশ, তিব্বতী 718-478-5502  <u>পার্ট অব সলিউশন</u> ভাষাঃ ইংরেজি, স্প্যানিশ 718-220-4892 x 141	<b>ম্যানহাটন</b> <u>ক্যাব্রিনি ইমিগ্রান্ট সার্ভিসেস অব NYC</u> ভাষাঃ চীনা, ইংরেজি, স্প্যানিশ 212-791-4590  <u>ক্যাথলিক চ্যারিটিজ</u> ভাষাঃ বাংলা, ইংরেজি, হিন্দী, স্প্যানিশ, অনুবাদ পরিষেবা 347-391-5785  <u>চাইনীজ- অ্যামেরিকান প্ল্যানিং কাউন্সিল</u> ভাষাঃ চীনা ক্যান্টনীজ, চীনা ফুজিয়ানীজ, চীনা ম্যান্ডারিন, ইংরেজি, স্প্যানিশ 718-358-8899  <u>ল্যাটিনোজাস্টিস PRLDEF (নিউ ইয়র্ক সিটি)</u> ভাষাঃ ইংরেজি, স্প্যানিশ 212-219-3360  <u>নর্দার্ন ম্যানহাটন ইস্পুডমেন্ট কোয়েলিশন</u> ভাষাঃ ইংরেজি, স্প্যানিশ 212-822-8300  <u>স্ট্রিট ভেন্ডর প্রোজেক্ট, আরবান জাস্টিস সেন্টার</u> ভাষাঃ আরবী, বাংলা, চীনা, ইংরেজি, স্প্যানিশ, ওলোফ 646-602-5600  <u>দ্য ডোর- A সেন্টার ফর অল্টারনেটিভস</u> ভাষাঃ ইংরেজি, ফরাসী, ফরাসী ক্রিওল, স্প্যানিশ, অনুবাদ পরিষেবা 212-941-9090	<b>কুইন্স</b> <u>এমারেল্ড আইল ইমিগ্রেশন সেন্টার</u> ভাষাঃ ইংরেজি, স্প্যানিশ, তিব্বতী 718-478-5502  <u>কোরিয়ান-আমেরিকান ফ্যামিলি সার্ভিস সেন্টার</u> ভাষাঃ ইংরেজি, কোরিয়ান 718-460-3800  <u>কোরিয়ান কমিউনিটি সার্ভিসেস অব মেট্রোপোলিটান NY</u> ভাষাঃ চীনা, ইংরেজি, কোরিয়ান, স্প্যানিশ 646-389-6392  <u>নিউ ইমিগ্রান্ট কমিউনিটি এমপাওয়ারমেন্ট</u> ভাষাঃ ইংরেজি, স্প্যানিশ 718-205-1687  <u>সানিসাইড কমিউনিটি সার্ভিসেস</u> ভাষাঃ ইংরেজি, স্প্যানিশ 718-784-6173  <u>দ্য হাইতিয়ান অ্যামেরিকানস ইউনাইটেড ফর প্রোগ্রেস (HAUP)</u> ভাষাঃ ইংরেজি, ফরাসী, হাইতিয়ান ক্রিওল 718-527-3776
<b>ব্রুকলিন</b> <u>অ্যাকাডেমি অব মেডিক্যাল এন্ড পাবলিক হেলথ সার্ভিসেস (AMPHS)</u> ভাষাঃ আরবী, চীনা, ইংরেজি, ফরাসী, হাইতিয়ান ক্রিওল, স্প্যানিশ 212-256-9036  <u>ক্যারোল গার্ডেনস এসোসিয়েশন</u> ভাষাঃ ইংরেজি, স্প্যানিশ, তাগালগ 718-243-9301  <u>মিক্সটেকা</u> ভাষাঃ স্প্যানিশ 718-965-4795		<b>স্ট্যাটেন আইল্যান্ড</b> <u>প্রোজেক্ট হসপিটালিটি</u> ভাষাঃ আরবী, ইংরেজি, ফরাসী, রাশিয়ান, স্প্যানিশ 718-448-1544

## সংস্থানসমূহ (লং আইল্যান্ড)

**EWF বাস্তুবায়ন করার উপর আরো তথ্য এবং আপডেটের জন্য এখানে যানঃ**  
**[fundexcludedworkers.org](http://fundexcludedworkers.org) বা [dol.ny.gov/EWFApply](http://dol.ny.gov/EWFApply)। বহু ভাষায় তথ্য পাওয়া যায়।**

**আপনি সহায়তার জন্য নিম্নলিখিত সংস্থাগুলির সাথেও যোগাযোগ করতে পারেনঃ**

### লং আইল্যান্ড

SEPA মুজের

ভাষাঃ ইংরেজি, স্প্যানিশ

110 N. Ocean Avenue

Patchogue, NY 11772

631-980-2555

সেন্ট্রো কোরাজন ডি মেরিয়া

ভাষাঃ ইংরেজি, স্প্যানিশ

31 E. Montauk Highway

Hampton Bays, NY 11946

631-728-5558

## সংস্থানসমূহ (হাডসন ভ্যালি)

**EWF বাস্তবায়ন করার উপর আরো তথ্য এবং আপডেটের জন্য এখানে যানঃ**  
**[fundexcludedworkers.org](http://fundexcludedworkers.org) বা [dol.ny.gov/EWFApply](http://dol.ny.gov/EWFApply)। বহু ভাষায় তথ্য পাওয়া যায়।**

**আপনি সহায়তার জন্য নিম্নলিখিত সংস্থাগুলির সাথেও যোগাযোগ করতে পারেনঃ**

### **হাডসন ভ্যালি**

কমিউনিটি রিসোর্সেস সেন্টার

ভাষাঃ স্প্যানিশ, পর্তুগিজ, ইংরেজি

914-835-1512

### নেইবারস লিঙ্ক

ভাষাঃ ইংরেজি, ফরাসী, উর্দু

অনুবাদ পরিষেবা উপলব্ধ

914-666-3410

### গ্রামীণ এবং অভিবাসী মন্ত্রক

ভাষাঃ স্প্যানিশ, মিক্সটেকো, ইংরেজী

845-485-8627

### ওয়ার্কার জাস্টিস সেন্টার

ভাষাঃ স্প্যানিশ, ইংরেজী, অনুবাদ পরিষেবা উপলব্ধ

845-331-6615

### ক্যাথলিক চ্যারিটিজ কমিউনিটি সার্ভিসেস আর্কডায়োসিস অফ

নিউ ইয়র্ক

ভাষাঃ বাংলা, ইংরেজি, হিন্দী, স্প্যানিশ

অনুবাদ পরিষেবা উপলব্ধ

347-391-5785

### ক্যাথলিক চ্যারিটিজ কমিউনিটি সার্ভিসেস অফ রকল্যান্ড,

আইএনসি।

ভাষাঃ ইংরেজি, ফরাসী হাইতিয়ান ক্রিওল, স্প্যানিশ

845-942-5791

## সংস্থানসমূহ (সেন্ট্রাল নিউ ইয়র্ক)

**EWF বাস্তবায়ন করার উপর আরো তথ্য এবং আপডেটের জন্য এখানে যানঃ**  
**[fundexcludedworkers.org](http://fundexcludedworkers.org) বা [dol.ny.gov/EWFApply](http://dol.ny.gov/EWFApply)। বহু ভাষায় তথ্য পাওয়া যায়।**

**আপনি সহায়তার জন্য নিম্নলিখিত সংস্থাগুলির সাথেও যোগাযোগ করতে পারেনঃ**

### **সেন্ট্রাল নিউ ইয়র্ক**

ওয়ার্কার্স সেন্টার অফ সেন্ট্রাল নিউ ইয়র্ক

ভাষাঃ স্প্যানিশ, ফরাসী, ইংরেজি

2013 East Genesee Street

Syracuse, NY 13210

315-218-5708

স্যালভেশন আর্মি সিরাকুজ এরিয়া সার্ভিস

ভাষাঃ ইংরেজি, স্প্যানিশ

200 Twin Oaks Drive

Syracuse, NY 13206

315-475-1688

হান্টিংটন ফ্যামিলি সেন্টার্স Inc.

ভাষাঃ ইংরেজি

405 Gilford Street

Syracuse, NY 13204

315-476-3157

### **আঙুলের হ্রদ/দক্ষিণ স্তর**

Tompkins County Workers' Center

ভাষা: চীনা, স্প্যানিশ, ইংরেজি

115 E. Martin Luther King Jr. St. / The Commons

Ithaca, NY 14850

607-269-0409

Catholic Charities of Tompkins and Tioga

ভাষা: স্প্যানিশ, হাইতিয়ান ক্রেওল, ইংরেজি, কারেন, বার্মিজ

324 West Buffalo Street

Ithaca NY 14850

607-272-5062

Aim Independent Living Center

ভাষা: আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (এএসএল), ইংরেজি, অনুবাদ  
পরিষেবা

271 East First Street

Corning, NY 14830

607-906-8225

## সংস্থানসমূহ (ওয়েস্টার্ন নিউ ইয়র্ক)

**EWF বাস্তবায়ন করার উপর আরো তথ্য এবং আপডেটের জন্য এখানে যানঃ**  
**[fundexcludedworkers.org](http://fundexcludedworkers.org) বা [dol.ny.gov/EWFApply](http://dol.ny.gov/EWFApply)। বহু ভাষায় তথ্য পাওয়া যায়।**

**আপনি সহায়তার জন্য নিম্নলিখিত সংস্থাগুলির সাথেও যোগাযোগ করতে পারেনঃ**

### ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

অ্যাক্সেস অফ WNY

ভাষাঃ আরবী, ইংরেজি

609 Ridge Road, 2nd Fl

Buffalo, NY 14218

716-332-5901

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক কাউন্সিল অন অক্যুপেশনাল সেফটি এন্ড

হেলথ (WNYCOSH)

ভাষাঃ ইংরেজি

2495 Main St #438

Buffalo, NY 14214

716-206-2550

জাস্টিস ফর মাইগ্র্যান্ট ফ্যামিলিজ

ভাষাঃ স্প্যানিশ, ইংরেজি

371 Delaware Ave

Buffalo, NY 14210

716-206-2550 (WNYCOSH)

info@jfmfwny.org

গ্রামীণ ও অভিবাসী মন্ত্রক

ভাষাঃ স্প্যানিশ ইংরেজি

লিটারজিয়া গ্রামীণ শ্রমিক শিক্ষা কেন্দ্র

7 Phelps Street

Lyons, NY 14489

315-871-4031 / 845-485-8627

ওয়ার্কার জাস্টিস সেন্টার

ভাষাঃ স্প্যানিশ, ইংরেজি

1187 Culver Rd

Rochester, NY 14609

585-325-3050